দৈনিক
জনকণ্ঠ

তারিখ ...... 1 JUL 2003...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৮ ......

# বর্ধিত ও মহার্ঘ ভাতার দাবিতে শিক্ষকদের আজ বিক্ষোভ সমাবেশ

স্টাফ রিপোর্টার ॥ জোট সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী ১০ ভাগ বর্ধিত বেতন ও ৩০ ভাগ মহার্ঘ ভাতার সংস্থান বাজেটে না রাখার জন্য আজ মঙ্গলবার জাতীয় শিক্ষক কর্মচারী ঐক্যফ্রন্টের আহ্বানে দেশব্যাপী জেলা-উপজেলা পর্যায়ে বিক্ষোভ অনুষ্ঠিত হবে। কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসাবে রাজধানীর মুক্তাঙ্গন থেকে বেলা ১১টায় মিছিল অনুষ্ঠিত হবে। ফ্রন্টের কো-চেয়ারম্যান অধ্যক্ষ কামরুজ্জামান ও শেখ আমানুল্লাহ, আহ্বায়ক ও সমন্বয়কারী অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলামসহ অন্য নেতৃবৃন্দ এক বিবৃতিতে বিক্ষোভ মিছিলে অংশ নেয়ার জন্য শিক্ষক-কর্মচারীদের প্রতি আহ্বান জানিয়েছেন।